

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৭.০১১.০০.০০.০০২.২০১৬-১৫৮

তারিখ : ২৭ মে-২০১৬ খ্রিষ্টাব্দ।
০৫ জ্যৈষ্ঠ-১৪২৩ বঙ্গাব্দ।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সেবা পরিদপ্তরের আওতায় “সিনিয়র স্টাফ নার্স” পদে নিয়োগের জন্য প্রার্থীদের MCQ type লিখিত পরীক্ষার সময়সূচী, আসন ব্যবস্থা ও নির্দেশাবলী।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সেবা পরিদপ্তরের আওতায় “সিনিয়র স্টাফ নার্স” পদে নিয়োগের জন্য প্রার্থীদের MCQ type লিখিত পরীক্ষা আগামী ০৩-০৬-২০১৬ খ্রিঃ শুক্রবার নিম্নোক্ত কেন্দ্রসমূহে নির্ধারিত সময় ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে :

ক্রমিক নং	কেন্দ্রের নাম	রেজিঃ নম্বর	প্রার্থী সংখ্যা
১	কল্যাণপুর গার্লস স্কুল ও কলেজ, মিরপুর, ঢাকা।	০০০০০১-০০১০০০	১০০০ জন
২	মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মিরপুর-১, ঢাকা-১২১৬।	০০১০০১-০০১৮০০	৮০০ জন
৩	হযরত শাহ আলী মহিলা কলেজ, সেকশন-১, মিরপুর-১, ঢাকা-১২১৬।	০০১৮০১-০০৩৩০০	১৫০০ জন
৪	ঢাকা শিক্ষা বোর্ড ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ মিরপুর-১, ঢাকা-১২১৬।	০০৩৩০১-০০৪৯০০	১৬০০ জন
৫	আদর্শ উচ্চ বিদ্যালয়, মিরপুর-১০, কাফরুল, ঢাকা-১২১৬।	০০৪৯০১-০০৬৩০০	১৪০০ জন
৬	সরকারী তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।	০০৬৩০১-০০৮৮০০	২৫০০ জন
৭	ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।	০০৮৮০১-০০৯৮০০	১০০০ জন
৮	গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।	০০৯৮০১-০১০৬০০	৮০০ জন
৯	সিভিল এভিয়েশন উচ্চ বিদ্যালয়, সি.এ আবাসিক এলাকা, শাহীনবাগ, ঢাকা।	০১০৬০১-০১১৬০০	১০০০ জন
১০	টিএন্ডটি আদর্শ উচ্চ বালিকা বিদ্যালয়, মহাখালী, ঢাকা।	০১১৬০১-২০০৫৩৩	১২০০ জন
১১	টি এন্ড টি মহিলা কলেজ, ওয়ারলেস গেট, মহাখালী, ঢাকা।	২০০৫৩৪-২০১৩৩৩	৮০০ জন
১২	আগারগাঁও তালতলা সরকারি কলোনী উচ্চ বিদ্যালয় ও মহিলা কলেজ, আগারগাঁও, তালতলা, ঢাকা।	২০১৩৩৪-৩০০৬৮৭	৮০০ জন
১৩	হাজী আশ্রাফ আলী হাই স্কুল, শেওরাপাড়া, উত্তর কাফরুল, ঢাকা।	৩০০৬৮৮-৪০০৮৫৯	১০৬৩ জন
১৪	মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, নুরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।	৪০০৮৬০-৭০০৫২৮	১৮০০ জন
১৫	বশির উদ্দিন আদর্শ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, আহম্মদনগর, মিরপুর-১ ঢাকা-১২১৬।	৭০০৫২৯-৭০১৩৯৮	৮০০ জন
			মোট=১৮০৬৩ জন

সময়সূচী ও নির্দেশাবলী

পরীক্ষার তারিখ	নির্ধারিত সময়	পরীক্ষার্থীদের করণীয় কাজ
০৩-০৬-২০১৬ খ্রিঃ তারিখ (শুক্রবার)	সকাল-৯:২০ মিঃ	পরীক্ষার্থীগণ নির্ধারিত হলে নিজ নিজ কক্ষে প্রবেশ করবেন।
	সকাল-৯:৩০মিঃ	পরীক্ষার্থীগণকে উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিঃ নম্বর কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশনামতে হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন।
	সকাল ১০:০০টা	প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রে সেট নম্বর মুদ্রিত থাকবে। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র প্রাপ্তির পর এই মর্মে নিশ্চিত হবেন যে, তাকে যে সেট নম্বরের উত্তরপত্র সরবরাহ করা হয়েছে তিনি সেই সেট নম্বরের প্রশ্নপত্র পেয়েছেন।
	সকাল ১১:০০টা	পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যাবেন।

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী :

- ১) “সিনিয়র স্টাফ নার্স” পদের প্রবেশপত্র কমিশনের ওয়েব সাইট(www.bpsc.gov.bd) অথবা টেলিটকের ওয়েব সাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করা যাবে।
- ২) প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- ৩) ওয়েব সাইটে এবং প্রবেশপত্রের ২য় পৃষ্ঠায় প্রদত্ত নির্দেশাবলী যথাযথ ভাবে পালন করতে হবে।
- ৪) সকাল-৯.৪৫ মিনিটের পর কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষে প্রবেশ করতে পারবেন না।
- ৫) পরীক্ষায় কোন ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। পরীক্ষা কক্ষে বই-পুস্তক, ব্যাগ, হাতঘড়ি, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র আনা সম্পূর্ণ নিষিদ্ধ।
- ৬) প্রশ্নপত্র দেয়ার পর কোন পরীক্ষার্থী পুনরায় প্রবেশের অভিপ্রায়ে পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না অথবা প্রশ্নপত্র পাওয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- ৭) পরীক্ষার্থীর রেজিঃ নম্বর ৬(ছয়) ডিজিট সম্বলিত। কোন প্রার্থীর রেজিঃ নম্বর ৬(ছয়) ডিজিটের কম হলে বাম দিকের ঘর/ঘরগুলো শূন্য দিয়ে পূরণ করে রেজিঃ নম্বরের ডিজিটসমূহ বল পয়েন্ট কলম দিয়ে প্রযোজ্য ঘরে লিখে নিচের প্রযোজ্য বৃত্তগুলো কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে।
- ৮) পরীক্ষার্থীদের ১০০ নম্বরের MCQ type লিখিত প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য পরীক্ষার্থী ১(এক) নম্বর পাবেন।
- ৯) বিজ্ঞপ্তিটি (www.bpsc.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে।

[পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;

চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

শেখ শাখাওয়াৎ হোসেন
পরীক্ষা নিয়ন্ত্রক(নন-ক্যাডার)।